

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯১৮

আগরতলা, ১৫ আগস্ট, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস
রাজভবনে এট হোম অনুষ্ঠান

৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আজ সন্ধ্যায় রাজভবনে এট হোম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা, খাদ্য ও জনসংভরণ দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিধানসভার সরকারি মুখ্যসচিব কল্যাণী রায়, বিধানসভার সদস্যগণ, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং, হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়, বিচারপতি অনিন্দম লোধ, বিচারপতি বিশ্বজিৎ পালিত, বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশ মহানির্দেশক অমিতাভ রঞ্জন সহ রাজ্য প্রশাসনের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। এছাড়াও সেনাবাহিনীর আধিকারিক, আধা সামরিক বাহিনীর আধিকারিক, সমাজসেবী এবং জাতীয় পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এট হোম অনুষ্ঠানে ত্রিপুরার রাজ্যফল কুইন প্রজাতির আনারসের আরও জনপ্রিয়তার জন্য রাজভবনের প্রবেশ পথ, সাংস্কৃতিক অনুষ্ঠান মঞ্চের বিভিন্ন জায়গায় কুইন আনারস প্রদর্শন করা হয়। এট হোম অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মনোজ্ঞ দেশাভিবোধক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
